

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
আশ্রয়ণ-২ প্রকল্প
তেজগাঁও, ঢাকা।

নং - ০৩.৭০১.০১৮.০০.০০.১৪১৬.২০১৬- ৫ ৬০

তারিখ : ২৫/১০/২০১৬ খ্রি:

প্রাপকঃ প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
প্রধানমন্ত্রীর কার্যালয়
সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

বিষয় : ২০১৬-১৭ অর্থ বছরে কক্সবাজার সদর উপজেলাধীন খুরুস্কুল মৌজায় বিশেষ আশ্রয়ণ প্রকল্পে ০৪টি(চার) পরীক্ষামূলক নলকূপ স্থাপনের ব্যয় নির্বাহের জন্য প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কাকরাইল এর অনুকূলে অর্থ বরাদ্দ।

সূত্রঃ ০৩.৭০১.০১৪.০০.০০.১৩২৯.২০১৬-৭৩৭, তারিখ ২৪/০৯/২০১৬খ্রিঃ।

মহোদয়,

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে ইতোপূর্বে প্রদানকৃত প্রশাসনিক অনুমোদনের প্রেক্ষাপটে আমি নিম্নলিখিত প্রকল্পখামের ০৪টি(চার) পরীক্ষামূলক নলকূপ স্থাপনের ব্যয় নির্বাহের জন্য প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কাকরাইল এর অনুকূলে প্রকল্পের বিপরীতে বর্ণিত পরিমাণ অর্থ বরাদ্দ প্রদান করছি এবং উক্ত অর্থ প্রধান প্রকৌশলী কর্তৃক ব্যয়ের নিমিত্ত সংশ্লিষ্ট হিসাবরক্ষণ কর্মকর্তার বরাবরে অথরিটি প্রেরণের জন্য তাঁকে অনুরোধ জানাচ্ছি :

ক্র. নং	জেলা	উপজেলা	প্রকল্পের নাম	কাজের বিবরণ	মোট বরাদ্দকৃত অর্থ
১	কক্সবাজার	সদর	খুরুস্কুল মৌজায় বিশেষ আশ্রয়ণ প্রকল্প	৪টি পরীক্ষামূলক নলকূপ স্থাপন	৫,৭১,৮৯৫.০০
					মোট
					৫,৭১,৮৯৫.০০

কথায়ঃ পাঁচ লক্ষ একাত্তর হাজার আটশত পঁচানব্বই টাকা মাত্র।

২। জাতীয় রাজস্ব বোর্ডের বিশেষ আদেশ নং- ১৫/মূসক/২০১৪/২২৪(১) তারিখঃ ২৮/০৪/২০১৪খ্রিঃ এবং স্মারক নং ০৮.০১. ০০০০.০৩৪.০৫.০০৯.১২-৩০৬, তারিখ ৩০/০৪/২০১৪খ্রিঃ মোতাবেক আশ্রয়ণ-২ প্রকল্পের অধীনে ক্রয়কৃত পণ্য সামগ্রীর উপর মূসক ও আয়কর অব্যাহতি প্রদান করা হয়েছে।

৩। প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কাকরাইল এই অর্থের আয়ন-ব্যয়ন কর্মকর্তার দায়িত্ব পালন করবেন। তিনি নিরীক্ষার জন্য প্রয়োজনীয় নথিপত্র সংরক্ষণ করবেন এবং অর্থ ব্যয় ও এর যথোপযুক্ত হিসাব সংরক্ষণের জন্য দায়ী থাকবেন।

৪। উক্ত অর্থ ব্যয় সংক্রান্ত সরকারী আর্থিক বিধি ও পদ্ধতি যথাযথভাবে অনুসরণ করতে হবে।

৫। এই ব্যয় ৭০০০ নির্মাণ ও পূর্ত খাতের আওতাধীন ৭০১১ উপ-খাতে কক্সবাজার জেলায় বহুতল ভবন নির্মাণ মাটি পরীক্ষা ও অন্যান্য খরচ এর ২য় কিস্তিতে ছাড়কৃত অর্থ হতে নির্বাহ করা হবে।

৬। এই ব্যয় ২০১৬-১৭ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন বাজেটের গ্রান্ট নং ০২ কোড নং ৫-০৩৩১-৬৫৩০-৭০১১ আশ্রয়ণ-২ প্রকল্প হতে সংকুলান করা হবে।


৭। কাজটি সম্পাদনের পর কোন অর্থ উদ্বৃত্ত থাকলে তা ৩০শে জুন, ২০১৬ এর পূর্বে চালানের মাধ্যমে ১/০৩০১/০০০২/২৬৭১ নং কোডে সরকারী কোষাগারে জমা করে চালানের কপি এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।

৮। প্রকল্প পরিচালকের স্বাক্ষরের সাথে "emboss" সীল দেখে বরাদ্দ পত্রের যথার্থতা নিশ্চিত করতে হবে।

৯। উক্ত অর্থ ব্যয়ের পর সংশ্লিষ্ট কোডে হিসাব ভুক্তি করে প্রকল্প অফিসকে অবহিত করার জন্য সংশ্লিষ্ট হিসাবরক্ষণ কর্মকর্তাকে অনুরোধ করা হ'ল। উক্ত জিওটি উল্লেখিত ওয়েবসাইটে পাওয়া যাবে।

www.ashrayanpmo.gov.bd.com

আপনার বিশ্বস্ত,



(আবুল কালাম শামসুদ্দিন)

প্রকল্প পরিচালক(যুগ্ম সচিব)

ফোন : ৯১২৪১০০

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ

- ১। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম।
- ২। প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কাকরাইল, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, কক্সবাজার।
- ৪। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, মৌচাক টাওয়ার, মালিবাগ, ঢাকা।
- ৫। নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য অধিদপ্তর, কক্সবাজার।
- ৬। উপজেলা নির্বাহী অফিসার, সদর/কক্সবাজার।
- ৭। উপজেলা প্রকৌশলী/প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সদর/কক্সবাজার।
- ৮। প্রকল্প নথি/অফিস কপি।